

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৯

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বর্জব্য "প্রত্যেককেই সহজ করে দেওয়া হবে" এর দ্বারা উদ্দেশ্য হলো মহান আল্লাহর পূর্ব জ্ঞান অনুসারে যা তার জন্য নির্ধারণ করে রেখেছেন, তা তার জন্য সহজ করে দেওয়া হবে হেঁঠ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَكَلُّ مُيَسَّرٌ) أَرَادَ بِهِ مُيَسَّرٌ لِمَا قَدَّرَ لَهُ فِي سَابِقِ عِلْمِهِ مِنْ خَيْرِ أَو شُر

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ بْنِ سُلَيْمَانَ الْمُعَدَّلُ بِالْفُسْطَاطِ حَدَّثَنَا الْحَارِثُ بْنُ مِسْكِينٍ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ رَاشِدِ بْنِ سَعْدٍ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ قَتَادَةَ السُّلَمِيُّ _ وَكَانَ مِنْ أَصِحْابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:

(خَلَقَ اللَّهُ آدَمَ ثُمَّ أَخَذَ الْخَلْقَ مِنْ ظَهْرِهِ فقَالَ: هَوُّلَاءِ فِي الْجَنَّةِ وَلَا أُبَالِي وَهَوُّلَاءِ فِي النَّارِ وَلَا أُبَالِي وَهَوُّلَاءِ فِي النَّارِ وَلَا أُبَالِي) قَالَ قَائِلٌ: يَا رَسُولَ اللَّهِ فَعَلَى مَاذَا نَعْمَلُ؟ قَالَ:

(عَلَى مَوَاقِعِ الْقَدَرِ.)

الراوي : عَبْدُ الرَّحْمَنِ بْنُ قَتَادَةَ السُّلَمِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني ا

المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 339 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৩৯. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাহাবী আব্দুর রহমান বিন কাতাদাহ আস সুলামী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: "আল্লাহ আদম সৃষ্টি করে তারপর তাঁর পৃষ্ঠদেশ থেকে সৃষ্টিজীবকে সৃষ্টি করেছেন এবং বলেছেন: "এরা জান্নাতে যাবে। এতে আমি মোটেও পরোওয়া করি না। আর এরা জাহান্নামে যাবে। এতেও আমি পরোওয়া করি না।" তখন একজন ব্যক্তি বললেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাহলে আমরা কোন ভিত্তির উপর আমল করি?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তাকদীরের ফায়সালার ভিত্তির উপর।"[1]



ফুটনোট

[1] হাকিম: ১/৩১; মুসনাদ আহমাদ: ৪/১৮৬; মাযমা উয যাওয়াইদ: ৭/১৮৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আব্দুর রহমান বিন কাতাদাহ আস সুলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন